

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট  
ভূমি অধিগ্রহণ শাখা  
[www.sylhet.gov.bd](http://www.sylhet.gov.bd)

নম্বর : ০৫.৪৬.৯১০০.০১২.৩৩.০০২.২৩. ৫৬৭


তারিখ : ১৬ ডাঃ ১৪৩২  
৩১ আগস্ট ২০২৫

**গণবিজ্ঞপ্তি**

বিষয় : ভূমি অধিগ্রহণ মামলা নম্বর ০৯/২০২১-২০২২ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “ভূমি অধিগ্রহণ ও ইউটিলিটি স্থানান্তর প্রকল্প: সাপোর্ট টু ঢাকা (কাঁচপুর)-সিলেট-তামাবিল মহাসড়ক চারলেনে উন্নীতকরণ এবং উভয় পাশে পৃথক সার্ভিস লেন নির্মাণ” শীর্ষক প্রকল্পের জন্য সিলেট জেলার ওমানীনগর উপজেলাধীন ১৯০ নম্বর জেএলস্থিত নিজ কুরুয়া মৌজায় মোট ১৩.৮৯৮২ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত যৌথ তদন্ত সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে যৌথ তালিকা তৈরী করা হয়েছে। যৌথ তালিকায় অবকাঠামো/ঘরবাড়ি অন্তর্ভুক্ত না হওয়ার বিরুদ্ধে ০৭(সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনারের নিকট আবেদন দাখিল করা যাবে। এছাড়াও জমির মালিকানা/স্বার্থ সংশ্লিষ্টতা সম্পর্কিত যৌথতদন্তে প্রকাশিত বিষয়ে আপত্তি ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, সিলেট এর নিকট দাখিল করা যাবে।

সংযুক্তি : যৌথ তদন্ত তালিকা

  
31.8.25

তমালিকা পাল  
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা  
সিলেট  
ফোন- ০৮২১-৭১৬০৫৮

বিতরণ :

- ১। বিভাগীয় কমিশনার, সিলেট
- ২। জেলা প্রশাসক, সিলেট
- ৩। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট (প্রকল্পের সুবিধাজনক স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ওমানীনগর, সিলেট (যৌথ তালিকা উপজেলার ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। সহকারী কমিশনার (ভূমি), ওমানীনগর, সিলেট (উপজেলা ভূমি অফিসের নোটিশবোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (যৌথ তালিকা ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)